

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৮৭
আগরতলা, ০৬ মার্চ, ২০১৯

চারু ও কারুকলা মহাবিদ্যালয়ের বার্ষিক
প্রদর্শনী ও উৎসব শুরু

লিচুবাগানস্থিত সরকারি চারু ও কারুকলা মহাবিদ্যালয়ের ৫ দিনব্যাপী বার্ষিক প্রদর্শনী ও উৎসব আজ মহাবিদ্যালয় চত্বরে শুরু হয়েছে। প্রদর্শনীটি প্রত্যেকদিন দুপুর ১২টা থেকে রাত ৮টা পর্যন্ত উন্মুক্ত থাকবে। এই প্রদর্শনী ও উৎসবের আনুষ্ঠানিক সূচনা করে শিক্ষামন্ত্রী রতনলাল নাথ বলেন, চারুকলা শিক্ষাক্রমেরই একটি অঙ্গ। এই শিল্প সম্পূর্ণ প্রতিভার বিষয়। ছাত্র-ছাত্রীদের এই প্রতিভার প্রস্ফুটিত করার মধ্য দিয়ে এই শিল্পকে আরও বেশি করে প্রমোট করতে হবে। এর জন্য রাজ্য সরকার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছে। শিক্ষামন্ত্রী শ্রীনাথ দেশ-বিদেশের প্রখ্যাত ভাস্করদের মহান কাজকর্মের উল্লেখ করে বলেন, ছাত্র-ছাত্রীদের গুণগত শিক্ষায় শিক্ষিত করে তোলায় উপর রাজ্য সরকার জোর দিয়েছে। এদেরকে সুশিক্ষা দিতে হবে। তবেই সঠিক শিক্ষায় তাদেরকে গড়ে তোলা যাবে। অনুষ্ঠানে বিশিষ্ট ভাস্কর নির্মল দাস, চারুকলা মহাবিদ্যালয়ের ভারপ্রাপ্ত অধ্যক্ষ অভিজিৎ ভট্টাচার্য ও প্রদর্শনী কমিটির কনভেনার জীবনকৃষ্ণ শীল উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে মহাবিদ্যালয়ের ছাত্রী সুপর্ণা দেব ঘোষকে বিমল কর এক্সিলেন্সি পুরস্কারে ভূষিত করা হয়। শিক্ষামন্ত্রী রতনলাল নাথ তার হাতে এই পুরস্কার তুলে দেন। পুরস্কার হিসেবে সুপর্ণা দেব ঘোষকে মানপত্র, স্মারক ও নগদ ৩০ হাজার টাকা দেওয়া হয়।

অনুষ্ঠানের শেষে শিক্ষামন্ত্রী রতনলাল নাথ সহ অন্যান্য অতিথিগণ প্রদর্শনী ঘুরে দেখেন।
